গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্য্যালয়
বারহাট্টা, নেত্রকোণা।

স্মারক নং এলজিইডি/উঃ প্রঃ/বার/২০০২/ তারিখ :

-ঃ দরপত্র বিজ্ঞপ্তি নং- ০১/২০০২-২০০৩ ঃ-

এতদ্বারা অত্র বারহাট্টা উপজেলার রাজস্ব তহবিল (বাসাবাড়ী) অধীন ৬(ছয়) টি বাসভবণ মেরামত কাজ বাস্ত-বায়নের জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন ২০০২-২০০৩ইং সনের নবায়নকৃত ও তালিকাভূক্ত সকল শ্রেণীর ঠিকাদরগণের নিকট হইতে বাংলাদেশ ফরম নং-২৯১১ এর মাধ্যমে সীলমোহরকৃত খামে দরপত্র আহব্বান করা যাইতেছে। দরপত্র সমুহ আগামী ২৪/১১/২০০২ইং বেলা ২-০০ ঘটিকা পর্য্যন্ত নিম্ন-স্বাক্ষরকারীর কার্য্যালয় ও নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নেত্রকোণা মহোদয়ের কার্য্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হইবে। একই দিন বেলা ৩-০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের (যদি কেহ উপস্থিত থাকিতে চাহেন) সন্মুখে দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সংক্রান্ত সিডিউল ও অন্যান্য শর্তাবলী আগামী ২৩/১১/২০০২ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্য্যন্ত উল্লেখিত কার্য্যালয় সমুহ হইতে নগদ মুল্যে (অফেরৎযোগ্য) ক্রয় করা যাইবে।

এই বিজ্ঞপ্তি সংক্ষিপ্ত। কাজের বিবরণ সহ বিস্তারিত তথ্যাদি ও শর্তাদি উল্লেখিত অফিস সমুহে অফিস চলাকালীন সময়ে জানা ও দেখা যাইবে, যাহা দরপত্র দলিলের অংশ হিসাবে গণ্য হইবে।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ অথবা যে কোন অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ আনোয়ার হোসেন ফকির)
উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
বারহাট্টা, নেত্রকোণা।

স্মারকনং-এলজিইডি/উঃপ্রঃ/বার/২০০২/ তারিখ :

সদয় অবগতির নিমিত্তে অনুলিপি প্রেরিত হইল ঃ-

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭।
২। সহকারী প্রকৌশলী (জিআইএস), জিআইএস ইউনিট, লেভেল-৪, এলজিইডি ভবণ, আগারগাও,শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।

উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
বারহাট্টা, নেত্রকোণা।

স্মারক নং এলজিইডি/উঃ প্রঃ/বার/২০০২/ তারিখ :

সদয় অবগতি ও বহুল প্রচারের নিমিত্তে অনুরোধ সহকারে অনুলিপি প্রেরিত হইল ঃ-

১। জেলা প্রশাসক, নেত্রকোণা।
২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বারহাট্টা, নেত্রকোণা।
৪। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃকর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোণা।
৫। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, (সকল উপজেলা), নেত্রকোণা।
৬। বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক বাংলার দর্পণ,নেত্রকোণা। তাঁহাকে শুধুমাত্র দরপত্র বিজ্ঞপ্তিখানা আগামী ০৭/১১/২০০২ইং তারিখের মধ্যে তাঁহার বহুল প্রকাশিত পত্রিকায় ভিতরের পাতায় ২ (দুই) কলামে সংক্ষিপ্ত পরিসরে ১ (এক) দিনের প্রকাশনার প্রয়োজনীয় ব্যবস্থার নিমিত্তে অনুরোধ করা হইল।
৭। নোটিশ বোর্ড (.. কার্য্যালয়), বারহাট্টা, নেত্রকোণা।

উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
বারহাট্টা, নেত্রকোণা।

কাজের বিবরণ

গ্রপ নং	কাজের নাম ও অবস্থান	প্রাক্কলিত মুল্য (টাঃ)	বায়নার টাকার পরিমান	দরপত্র সিডিউলের মুল্য (টাঃ)	সময় সীমা	ঠিকাদারের শ্রেনী
১	২	৩	৪	৫	৬	৭
১।	উপজেলা পরিষদ কমপ্লেক্সে গেজেটেড কোয়ার্টার মেরামত।	টাঃ১,০০,০০০/=	উদ্বৃত টাকার ২.৫০% হারে	১০০/=	৪৫ দিন	সকল শ্রেণী
২।	উপজেলা পরিষদ কমপ্লেক্সে শ্যামলী নন-গেজেটেড কোয়ার্টার মেরামত।	টা ঃ ৬৯,০০০/=	উদ্বৃত টাকার ২.৫০% হারে	১০০/=	৪৫ দিন	সকল শ্রেণী
৩।	উপজেলা পরিষদ কমপ্লেক্সে রজনীগন্ধ্যা নন-গেজেটেড কোয়ার্টার মেরামত।	টা ১,৪৯,০০০/=	উদ্বৃত টাকার ২.৫০% হারে	১৫০/=	৪৫ দিন	সকল শ্রেণী
৪।	উপজেলা পরিষদ কমপ্লেক্সে কাকলী নন-গেজেটেড কোয়ার্টার মেরামত।	টা ঃ ৫০,০০০/=	উদ্বৃত টাকার ২.৫০% হারে।	১০০/=	৪৫ দিন	সকল শ্রেণী
৫।	উপজেলা পরিষদ কমপ্লেক্সে উর্বণী নন-গেজেটেড কোয়ার্টার মেরামত।	টাঃ ৬৮,০০০/=	উদ্বৃত টাকার ২.৫০% হারে।	১০০/=	৪৫ দিন	সকল শ্রেণী
৬।	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার বাসা মেরামত	টাঃ ৫৬,৭০০/=	উদ্বৃত টাকার ২.৫০% হারে।	১০০/=	৪৫ দিন	সকল শ্রেণী

-ঃ শর্তাবলী ঃ-

১। দরপত্র খামের উপর কাজের কোড নং- উল্লেখ করিতে হইবে।

২। ঠিকাদার নিজে অথবা তাহার মনোনীত যেকোন প্রতিনিধির মাধ্যমে দরপত্র সিডিউল ক্রয় করিতে পারিবেন।

৩। দরপত্র দলিলের প্রতি পৃষ্ঠায় ঠিকাদারকে অব্যশই স্বাক্ষর করিতে হইবে।

৪। দরপত্রের সাথে ঠিকাদার কোন প্রকার শর্ত আরোপ করিতে পারিবেন না।

৫। শতকরা ৫% (শতকরা পাঁচ ভাগ) নিম্ন দরের অধিক নিম্ন দরে দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। এই ক্ষেত্রে দরপত্রের দর শতকরা হারে উর্দ্ধদর বা নিম্ন দরে উল্লেখ করিতে হইবে। দর অংকে ও কথায় উভয়ভাবে উল্লেখ করিতে হইবে। শুধুমাত্র কথায় লিখিত দর বিবেচিত হইবে। ৫% এর অধিক উর্দ্ধ দরে দরপত্রের ক্ষেত্রে দরপত্রের সকল আইটেমের দর বিশ্লেষন (এনালাইসিস) দাখিল করিতে হইবে।

৬। নির্ধারিত সময়ের মধ্যে কাজ আরম্ভ করতঃ নির্ধারিত সময়ের মধ্যেই নির্বাচিত ঠিকাদারকে কাজ সম্প্নাদন করিতে হইবে। তজ্জন্য কোন প্রকার জটিলতা দেখা দিলে অথবা বরাদ্দ তামাদি হইলে ঠিকাদার নিজেকেই দায়ী থাকিতে হইব।

৭। কোন প্রকার অজুহাতে কাজ ফেলিয়া রাখা যাইবেনা।

৮। সর্বশেষ জারীকৃত বিধি মোতাবেক কৃত কাজের বিল হইতে আয়কর, ভ্যাট ও জামানত কর্তন করা হইবে।

৯। দরপত্রের সাথে সিডিউল ক্রয়ের রশিদ অবশ্যই দাখিল করিতে হইবে।

১০। নির্বাচিত ঠিকাদারকে তাহার দরপত্র গৃহীত হইয়াছে এই মর্মে অবহিত করনের ৩ (তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট ঠিকাদারকে সংশ্লিষ্ট দরপত্রের ডুপ্লিকেট কপিতে ফরমাল চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। একই দরে একাধিক দরপত্র পাওয়া গেলে লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হইবে।

১২। দরপত্র সমুহ দরপত্র বিজ্ঞপ্তি মোতাবেক দরপত্র গ্রহনকারী অফিস সমুহে প্রাপ্তি স্বীকার ডাকযোগে (Registered with A/D) দাখিল করা যাইবে। তবে এই ক্ষেত্রে দরপত্র সমুহ দরপত্র গ্রহনের সর্বশেষ সময়ের পুর্বেই সংশ্লিষ্ট অফিস সমুহে পৌছাইতে হইবে। অন্যথায় তাহা গ্রহনযোগ্য হইবে না।

১৩। দরপত্র সিডিউল ক্রয় ও দাখিলের সময় অন্য দরপত্র দাতাকে বাধা প্রদান করিলে বা তাহাকে বাধা প্রদানে কেহ সহায়তা প্রদান করিলে বা দরপত্র নেগোশিয়েসানের উদ্যোগ নিলে বা সহায়তার প্রমান পাওয়া গেলে সংশ্লিষ্ট ঠিকাদারের দরপত্রটি বাতিল এবং তাহার তালিকাভূক্তি বাতিলের সুপারিশ করা হইবে।

১৪। সর্ব নিম্ন দর দাতার দরপত্র গ্রহনে কর্তৃপক্ষ বাধ্য নহে।

১৫। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষা মাজা ও ওভার রাইটিং করা যাইবে না। সকল প্রকার কাটাকাটি, ঘষা মাজা ও ওভার রাইটিং কাটিয়া তাহা ঠিকাদারকে অনুস্বাক্ষর করিতে হইবে। অন্যথায় তাহা বাতিল বলিয়া গন্য হইবে।

১৬। কাজ সমাপ্তির পর ১ (এক) বৎসর সময় পর্যন্ত জামানত জমা থাকিবে। উক্ত সময়ের পর কাজের মান ভাল থাকা সাপেক্ষে ফেরতযোগ্য।

১৭। দরপত্রের সাথে ঠিকাদারী লাইসেন্স (২০০২-২০০৩ইং সনের নবায়নকৃত/তালিকাভূক্ত), ১০(দশ) ডিজিটের TIN সম্বলিত ভ্যাট রেজিষ্ট্রেশান সার্টিফিকেট ও ২০০১-২০০২ ইং পর্যন্ত নিস্পত্তির টি, আই, এন-এর সনদ পত্রের সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে অবশ্যই দাখিল করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

১৮। দরপত্রের সাথে কোন জাল ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ধরা পড়িলে তাহার বিরুদ্ধে ফৌজদারী মামলা রজ্জু করা হইবে।

১৯। দরপত্রের সাথে বায়নার টাকা হিসাবে শুধুমাত্র বাংলাদেশের যে কোন তফশীলভুক্ত ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করিতে হইবে। অতফশীলভুক্ত ব্যাংক কিংবা লিজিং কোম্পানীর কোন ড্রাফট/পে-অর্ডার ইত্যাদি গ্রহনযোগ্য হইবে না। এইরূপ প্রাপ্ত দরপত্র সরাসরি বাতিল হইবে।দরপত্রে সাথে ওয়ার্ক সিডিউল দাখিল করিতে হইবে।

২০। প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা মহোদয়ের স্মারক নং-এলজিইডি/পিডি/সিসি/ডি-০৮ অংশ-১ /২০০১/৫৫৫ ৩৫৩ তারিখ-০৯-৫-২০০১ইং মোতাবেক যে সকল ঠিকাদার কমিউনিটি ক্লিনিক / প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করিতে ব্যর্থ হইয়াছেন তাহাদেরকে উল্লেখিত কাজ সম্পন্ন না হওয়া পর্য্যন্ত অন্য কোন কাজ প্রদান না করার নির্দেশনার আলোকে এই ধরনের ব্যর্থ কোন ঠিকাদার অত্র দরপত্রে অংশ গ্রহন করিতে পারিবেন না। এতদসত্বেও অংশ গ্রহন করিলে তাহার দরপত্র বাতিল হইবে।

উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তর
বারহাট্টা, নেত্রকোণা।